



তথ্যবিবরণী

নম্বর: ০১৫

## জয়িতা অন্বেষণে বাংলাদেশ শীর্ষক প্রেস ব্রিফিং

রাজশাহী, ৩০ আষাঢ় (১৪ জুলাই):

আগামী মঙ্গলবার রাজশাহী বিভাগের শ্রেষ্ঠ জয়িতাদের সংবর্ধনা দেওয়া হবে। এ উপলক্ষ্যে 'জয়িতা অন্বেষণে বাংলাদেশ' শীর্ষক প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়েছে। রবিবার (১৪ জুলাই) সকালে রাজশাহী বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে অতিরিক্ত বিভাগীয় কমিশনার তরফদার মোঃ আক্তার জামীল এর সভাপতিত্বে এ প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়।

প্রেস ব্রিফিংয়ে তরফদার মোঃ আক্তার জামীল জানান, আগামী ১৬ জুলাই সকাল দশটায় জেলা শিল্পকলা একাডেমিতে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে রাজশাহী বিভাগের শ্রেষ্ঠ জয়িতাদের সংবর্ধনা দেওয়া হবে।

অনুষ্ঠানে ৫টি ক্যাটাগরিতে প্রাথমিকভাবে নির্বাচিত ১০ জনের মধ্যে থেকে চূড়ান্তভাবে নির্বাচিত ৫ জন শ্রেষ্ঠ জয়িতাকে ২৫ হাজার টাকা, সনদ, ক্রেস্ট ও উত্তরীয় প্রদান করা হবে। এ ছাড়া রাজশাহী বিভাগের ৮ জেলা থেকে নির্বাচিত অপর ৩৫ জন জয়িতাকে ৫০০০ টাকা, সনদ, ক্রেস্ট ও উত্তরীয় তুলে দেওয়া হবে।

তিনি আরও জানান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব নাজমা মোবারেক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। বিশেষ অতিথি থাকবেন মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক কেয়া খান। বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন।

.....  
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/হালিম/২০২৪/ ১৮:২০ ঘ.